দৈনিক বাংলা

তারিখ ... 17 JAN 1991 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৭ ...

172

26

## ইডেন কলেজ ছাত্রী মিছিলে হামলা

কলেজের প্রিন্সিপালের পদত্যাগ এবং অবিলম্বে কলেজ ও হোস্টেল খুলে দেয়ার দাবীতে সাধারণ ছাত্রীরা গতকাল সকালে কলেজ চত্বরে এক সম্মেলনের আয়োজন করে। এতে বক্তৃতা করেন রেজিয়া ইসলাম চম্পা, হেলেন জেরীন খান, রুফী রহমান, রিফাত আরা মিলি প্রমুখ।

সমাবেশ শেষে একটি বিক্ষোভ মিছিল কলেজ প্রদক্ষিণকালে একদল সমস্ত্র বহিরাগত ছাত্রী মিছিলে হামলার চেষ্টা চালায়। পরে সাধারণ ছাত্রীদের প্রতিরোধের মুখে তারা কলেজ ছেড়ে চলে যায়।

সাধারণ ছাত্রী পরিষদের এক প্রেস বিজ্ঞপ্তিতে বহিরাগতদের ছাত্রলীগ (হা-অ) কর্মী বলে দাবী করা হয়।

### ছাত্রলীগের অভিযোগ

ইডেন কলেজে ছাত্রীদের একটি মিছিলে কতিপয় ছাত্রী পিস্তল, রিভলবার উঁচিয়ে হামলা জালিয়েছে বলে ছাত্রলীগ (হা-অ) অভিযোগ করেছে।

ছাত্রলীগ (হা-অ) সভাপতি হাবিবুর রহমান হাবিব এবং সাধারণ সম্পাদক অসীম কুমার উকিল এক যুক্ত বিবৃতিতে জানান, গতকাল দুপুর ৪টায় ইডেন কলেজে সংগঠনের ছাত্রীদের একটি মিছিলে প্রকাশ্যে এই হামলা চালানো হয়। তাঁরা বলেন, বেশ কিছুদিন ধরেই ইডেন কলেজে বহিরাগতদের সহযোগিতা এ ধরনের অনভিপ্রেত ঘটনাঘটছে।

বিবৃতিতে উচ্ছৃংখল ছাত্রীদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণের জন্য কলেজ কর্তৃপক্ষের নিকট দাবী জানানো হয়।